



**AUSTRALIAN HIGH COMMISSION
BANGLADESH**

27 August 2020

**AUSTRALIA – BANGLADESH DEFENCE COOPERATION IN RESPONSE TO
COVID-19**

Australian High Commissioner Jeremy Bruer has handed over a consignment of Personal Protective Equipment (PPE) to Lieutenant General Md Mahfuzur Rahman, OSP, rcds, ndc, afwc, psc, PhD, the Principal Staff Officer of the Armed Forces Division.

Five tonnes of PPE, consisting of 12,000 high quality coveralls and 200,000 gloves, were provided under the Defence Cooperation Program, funded through the Australian Department of Defence.

“The Bangladesh Armed Forces are key frontline responders in the response to COVID-19 in Bangladesh. This contribution underlines the strong relationship between the defence forces of Australia and Bangladesh,” the High Commissioner said.

The delivery of the PPE, produced by Ansell, an Australian company, reflects Australia’s commitment to standing by its regional neighbours in this challenging time.

Australia is working with its partners to support Bangladesh’s response to COVID-19, including through providing crucial nutritional support, education and activities to support economic recovery.

Through additional support to IOM and UNHCR, Australian Government funding has also boosted the capacity of the local hospital in Cox’s Bazar district to serve the local community, and supported the establishment of treatment and quarantine centres in the Rohingya refugee camps.

=====

Australian High Commission
184 Gulshan Avenue, Gulshan 2, Dhaka 1212, Bangladesh

Email: ahc.dhaka@dfat.gov.au | website: www.bangladesh.embassy.gov.au

করোনাভাইরাস পরিস্থিতিতে অস্ট্রেলিয়া-বাংলাদেশ প্রতিরক্ষা সহযোগিতা

অস্ট্রেলিয়ান হাই কমিশনার জেরেমি ব্রুয়ার আজ সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লেফটেন্যান্ট জেনারেল মো. মাহফুজুর রহমান, ওএসপি, আরসিডিএস, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি,-এর নিকট ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীর (পিপিই) একটি চালান উপহার হিসেবে তুলে দেন।

অস্ট্রেলিয়ার প্রতিরক্ষা বিভাগের অর্থায়নে এবং প্রতিরক্ষা সহযোগিতা কার্যক্রমের আওতায় প্রদান করা পাঁচ (৫) টন ব্যক্তিগত সুরক্ষা সামগ্রীর মধ্যে রয়েছে ১২,০০০টি উচ্চ মানসম্পন্ন কভারল স্যুট এবং ২০০,০০০ গ্লাভস।

অস্ট্রেলিয়ান হাই কমিশনার বলেন: “বাংলাদেশে করোনাভাইরাস সংক্রমণের বিস্তার রোধ করতে বাংলাদেশের সশস্ত্র বাহিনী মূখ্য অগ্রযোদ্ধা হয়ে কাজ করছে। এই অবদান অস্ট্রেলিয়া এবং বাংলাদেশের প্রতিরক্ষা বাহিনীর মাঝে সুদৃঢ় সম্পর্কের প্রতিফলন হয়ে থাকবে।”

অস্ট্রেলিয়ান প্রতিষ্ঠান এনসেলের দ্বারা উৎপাদিত ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী প্রদান করে অস্ট্রেলিয়া বর্তমান কঠিন অবস্থার মাঝেও আঞ্চলিক প্রতিবেশীদের পাশে থাকার অঙ্গীকার পূর্ণব্যক্ত করেছে।

বাংলাদেশে করোনাভাইরাসের সংক্রমণ রোধে অস্ট্রেলিয়া তার অংশীদারদের সাথে কাজ করে যাচ্ছে। এর মধ্যে অর্থনৈতিক পুনরুদ্ধারে সহায়তা করার জন্য গুরুত্বপূর্ণ পুষ্টি সহায়তা, শিক্ষা এবং বিবিধ কার্যক্রম অন্যতম।

আইওএম এবং ইউএনএইচসিআরের মধ্য দিয়ে বাড়তি সহায়তা প্রদান করে অস্ট্রেলিয়ান সরকার কক্সবাজারের স্থানীয় হাসপাতালের সক্ষমতা বাড়িয়েছে – যার ফলে উপকৃত হবে স্থানীয় জনসাধারণ। পাশাপাশি অস্ট্রেলিয়ান সরকার রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পে চিকিৎসা ও কোয়ারেন্টাইন কেন্দ্র প্রতিষ্ঠা করতে সহায়তা করেছে।

=====